



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০২১.২২.(বিমা-১৪/২০২২)- ১৬৫ - ৬/৩

তারিখ: ১২ মাঘ ১৪৩২
১৬ জানুয়ারি ২০২৬

অফিস আদেশ

যেহেতু জনাব মোঃ আব্দুস ছালাম, উপজেলা সমবায় কর্মকর্তা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা ও প্রাক্তন উপজেলা সমবায় কর্মকর্তা, আদমদিঘী, বগুড়া এর বিরুদ্ধে যথাক্রমে ০৫ (পাঁচ)টি অভিযোগ হলো: (১) ১৪ জন মহিলা প্রশিক্ষণার্থীকে সেলাই মেশিনবিহীন প্রশিক্ষণে প্রেরণ করেছেন; (২) ২০১৮-২০১৯ সালের ধার্যকৃত অডিট ফি ৭০,০৪০/- (সত্তর হাজার চল্লিশ) টাকার মধ্যে অপরিশোধিত ৩,১৯১/- (তিন হাজার একশত একানব্বই) টাকা ডিসেম্বর, ২০২০ মাসের মধ্যে পরিশোধ করেন নি; (৩) বগুড়া আদমদিঘী ইউসিসিএ লিঃ এর ২০২০-২০২১ অর্থ বছরের নিজস্ব তহবিল হতে ঋণ বিতরণের অনুমোদনপত্রে প্রস্তাবিত বাজেট খাতওয়ারী সুপারিশ না করে দায়সারাভাবে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা ঋণ বিতরণ অনুমোদনের সুপারিশ করেছেন; (৪) ০৮.০৩.২০২১ তারিখে উর্ধ্বতন কর্তৃপক্ষের বিনানুমতিতে অনুপস্থিত ছিলেন এবং (৫) জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত ই-নথি (ডি-নথি) বিষয়ক প্রশিক্ষণ চলাকালে জুম অ্যাপে মাইক আনমিউট অবস্থায় বিরূপ মন্তব্য করেছেন। বর্ণিত ০৫টি অভিযোগে সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪. ০২১.২২.(বিমা-১৪/২০২২)-১৭৮৯(৫)-এ/ও, তারিখ: ২৮.১২.২০২৫ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক অসদাচরণের অভিযোগে ১৪/২০২২ নং বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

০২। যেহেতু তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য স্মারক নম্বর: ৯৪১(৫)-এ/ও, তারিখ: ১৩.১১.২০২২ খ্রি. মূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রাথমিক সত্যতা আছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

০৩। যেহেতু তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুসারে যে কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ ইস্যু করা হয়। তৎপ্রেক্ষিতে তিনি দ্বিতীয় কারণ দর্শানোর জবাব দাখিল করেন।

০৪। যেহেতু ১৪.০৫.২০২৫ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ ও অভিযোগ বিবরণীর উপর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং স্মারক নম্বর: ৮৪২(৬)-এ/ও, তারিখ: ২২.০৫.২০২৫ মূলে পুনরায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদনে ০৫টি অভিযোগের মধ্যে ০১টি অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদনে দেখা যায়;


০৫। যেহেতু স্মারক নম্বর: ১৬৮৩(৬), তারিখ: ০৭.১২.২০১৫ মূলে তাকে পুনরায় কারণ দর্শানো হয়। তৎপ্রেক্ষিতে তিনি পুনরায় কারণ দর্শানোর জবাব দাখিল করেন। পুনরায় কারণ দর্শানোর নোটিশের উপর দাখিলকৃত জবাবের প্রেক্ষিতে ০৭.০১.২০২৬ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৬। যেহেতু তার জবাব ও শুনানি সন্তোষজনক নয়, অসদাচরণের অভিযোগ প্রমাণিত;

০৭। যেহেতু তিনি শুনানিকালে নি:শর্ত ক্ষমা প্রার্থনা করেছেন, তার বিরুদ্ধে আনীত অভিযোগ উর্ধ্বতন কর্তৃপক্ষের বিনানুমতিতে ০১ (এক) দিন অনুপস্থিত প্রমাণিত হয়েছে যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মতে অসদাচরণের পর্যায়ভুক্ত এবং তা লঘু প্রকৃতির গণ্যে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(খ) বিধি অনুসরণে সর্বনিম্ন লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু জনাব মোঃ আব্দুস ছালাম, উপজেলা সমবায় কর্মকর্তা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা ও প্রাক্তন উপজেলা সমবায় কর্মকর্তা, আদমদিঘী, বগুড়াকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মতে অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ক) উপবিধিতে বর্ণিত 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



তারিখ: ১২/১২/২০২৫
মোঃ ইসমাইল হোসেন
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ০২-৪৮১১৯৩০৫

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০২১.২২.(বিমা-১৪/২০২২)- ২৩৫/২ (৫) - ৬/৩

তারিখ: ২১ মাঘ ১৪৩২
২৬ জানুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা।
২. যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর।
৩. জেলা সমবায় অফিসার, গাইবান্ধা/বগুড়া।
৪. সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. উপজেলা সমবায় অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা/আদমদিঘী, বগুড়া।
৬. জনাব মোঃ আব্দুস ছালাম, উপজেলা সমবায় কর্মকর্তা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা ও প্রাক্তন উপজেলা সমবায় কর্মকর্তা, আদমদিঘী, বগুড়া।


(মোঃ ইসমাইল হোসেন)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ০২-৪৮১১৯৩০৫